ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -১৫/০৫/২০১৭ ।।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে বাদ্যযন্ত্র বিতরণ

আগরতলা, ১৫ মে ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে দক্ষিণ ত্রিপুরা জেলা ও সোনামুড়া মহকুমা, অম্পি, অমরপুর, বিলোনীয়া এবং তেপানীয়া ব্লক এলাকার বিভিন্ন লোকরঞ্জন শাখাকে বাদ্যযন্ত্র বিতরণ করা হয়। সম্প্রতি এক অনুষ্ঠানের মাধ্যমে সোনামুড়া মহকুমার ১১টি লোকরঞ্জন শাখাকে বিভিন্ন বাদ্যযন্ত্র দেওয়া হয়। এই অনুষ্ঠানে বিধায়ক শ্যামল চক্রবর্তী, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন কমলা মজুমদার ও ভাইস চেয়ারপার্সন আবুতাহের, মহকুমা শাসক সুমিত লোধ প্রমুখ উপস্থিত ছিলেন।

অমরপুর ও অম্পি ব্লকের ৬টি লোকরঞ্জন শাখাকে বিভিন্ন বাদ্যযন্ত্র বিতরণ করা হয়। এ উপলক্ষ্যে অমরপুরের চন্ডীবাড়ী সংলগ্ন মাঠে এক অনুষ্ঠানের মাধ্যমে সাংসদ জীতেন্দ্র চৌধুরী সহ অন্যান্য বিশিষ্ট জনেরা লোকরঞ্জন শাখাগুলির প্রতিনিধিদের হাতে বাদ্যযন্ত্রগুলি তুলে দেন। দক্ষিণ ত্রিপুরা জেলার ১৭টি লোকরঞ্জন শাখাকে বিভিন্ন বাদ্যযন্ত্র বিতরণ করা হয়। এ উপলক্ষ্যে বিলোনীয়া অগ্নিবীণা কমিউনিটি হলে আয়োজিত এক অনুষ্ঠানে বিধায়ক বাসুদেব মজুমদার, দক্ষিণ জেলা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন শুভ্রা মিত্র ও ভাইস চেয়ারপার্সন সুবল রায়, জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শ্রীদাম সূত্রধর লোকরঞ্জন শাখার প্রতিনিধিদের হাতে বাদ্যযন্ত্রগুলি তুলে দেন। তেপানীয়া ব্লকের ২টি লোকরঞ্জন শাখাকে বিভিন্ন বাদ্যযন্ত্র দেওয়া হয়। এই অনুষ্ঠানে তেপানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিজন চক্রবর্তী, ব্লকের বি ডি ও সঞ্জীব চাকমা সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন।

ধর্মনগরে আন্তর্জাতিক সেবিকা দিবসে নানা অনুষ্ঠান

ধর্মনগর, ১৫ মে ।। আন্তর্জাতিক সেবিকা দিবস উদযাপন উপলক্ষ্যে গত ১২ মে ধর্মনগর বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে আয়োজিত হয় রক্তদান শিবির, সেমিনার, সেবিকাদের সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান। রক্তদান শিবিরে ৩২ জন স্বেচ্ছায় রক্তদান করেন। অনুষ্ঠানে ধর্মনগর জেলা হাসপাতালের ৪৯ জন সেবিকাকে সম্মাননা প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তর এবং ভলান্টারী ব্লাড ডোনার্স এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের সূচনা করে সংশ্লিষ্ট উদযাপন কমিটির আহ্বায়ক উষা নমঃ ফ্লোরেন্স নাইটিংগেল-এর জীবনাদর্শ ও সেবামূলক কাজের দিকগুলি তুলে ধরেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আলোচনায় অংশ নেন ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. শম্ভুনাথ রক্ষিত। ধর্মনগরের বিশিষ্ট শিল্পীরা সঙ্গীত ও আবৃত্তি পরিবেশন করেন।

উদয়পুরে স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত

উদয়পুর, ১৫ মে ।। টি জি ই এ-র কার্যালয়ে সম্প্রতি রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরের উদ্বোধন করেন বিধায়ক মাধব সাহা। শিবিরে ৪৮ জন স্বেচ্ছায় রক্তদান করেন। তারমধ্যে ৯ জন মহিলাও রয়েছেন। ত্রিপুরা সরকারী কর্মচারী সমিতির উদয়পুর বিভাগীয় কমিটির উদ্যোগে আয়োজিত এই রক্তদান শিবিরে সভাপতিত্ব করেন রেণু মিঞা।

১৩ জন প্রতিবন্ধীকে মোটর চালিত যান

আমবাসা, ১৫ মে ।। সাংসদ এলাকা উন্নয়ন তহবিলের অর্থে সম্প্রতি জেলা প্রতিবন্ধী পুনর্বাসন কেন্দ্রের প্রাঙ্গণে ১৩ জন প্রতিবন্ধীকে মোটর চালিত যান দেওয়া হয়। অনুষ্ঠানের সূচনা করেন সাংসদ জীতেন্দ্র চৌধুরী। ১৩ জনকে মোটর চালিত যান দিতে সাংসদ এলাকা উন্নয়ন তহবিল থেকে ৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে সাংসদ জীতেন্দ্র চৌধুরী বলেন, প্রতিবন্ধী যুবক যুবতীরা আমাদের সমাজেরই অংশ। তাদের দূরে সরিয়ে সমাজের উন্নয়ন সম্ভব নয়। তিনি বলেন, তাদের দৈনন্দিন জীবন যাত্রার মান উন্নত ও সহজ করার জন্য কাজ চলছে। অনুষ্ঠানের প্রধান অতিথি বিধায়ক ললিত কুমার দেববর্মা, বিশেষ অতিথি জেলা শাসক বিকাশ সিং, রাজ্য প্রতিবন্ধী অধিকার মঞ্চের সভাপতি তারাপ্রসন্ন দেব, অনুষ্ঠানের সভাপতি আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন তপশ্রী ভট্টাচার্য আলোচনা করেন।

খেদাবাড়িতে কুষ্ঠ রোগ বিষয়ে শিবির

বিশালগড়, ১৫ মে ।। নলছড় ব্লকের খেদাবাড়ি পঞ্চায়েত কমিউনিটি হলে কুষ্ঠ রোগ বিষয়ে সচেতনতামূলক শিবির ও আলোচনাচক্র সম্প্রতি অনুষ্ঠিত হয়। এক দিনের এই শিবিরে আসা রোগীদের মধ্য থেকে এক জনকে কুষ্ঠ রোগী হিসেবে চিহ্নিত করা হয়। তাঁকে বিনামূল্যে অষুধপত্র দেওয়া হয়। রোগ নির্মূল না হওয়া পর্যন্ত সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের পক্ষ থেকে চিকিৎসার দায়িত্ব নেওয়া হয়।

আলোচনাচক্রে বক্তব্য রাখেন নলছড় পঞ্চায়েত সমিতির সদস্য মুক্তার হোসেন, খেদাবাড়ী গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান হাসেনা বানু, ত্রিপুরা লেপ্রোসি মিশনের প্রকল্প আধিকারিক ডাঃ জি ঘোষ, সোনামুড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ গৌতম চক্রবর্তী, সিপাহীজলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের সম্প্রচার আধিকারিক সুরেখা মজুমদার প্রমুখ। শিবিরের উদ্যোক্তা স্বাস্থ্য দপ্তর এবং লেপ্রোসি মেশিন ট্রাষ্ট, ইন্ডিয়া।

বিশালগড়ে বর্ষবরণ উৎসব উদযাপিত

বিশালগড়, ১৫ মে ।। বিশালগড় বাজার সংলগ্ন সারদা মহলে ১১ মে বর্ষবরণ উৎসব উদযাপিত হয়। বিশালগড় পুর পরিষদের উদ্যোগে এবং সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের বিভাগীয় কমিটির সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফকরউদ্দীন আহমেদ বর্ষবরণ উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করেন। প্রধান অতিথির ভাষণে পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন পার্থপ্রতীম মজুমদার বর্ষবরণ উৎসবের গুরুত্ব তুলে ধরেন। স্বাগত ভাষণ দেন পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক জয়দীপ চক্রবর্তী। সভাপতিত্ব করেন পুর পরিষদের চেয়ারপার্সন পূর্ণিমা চক্রবর্তী। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন।

This document was created using Smart PDF Converter. Remove this message by purchasing the product at www.SmartPDFConverter.com

বর্ণময় অনুষ্ঠানে কবি প্রণাম

আগরতলা, ১৫ মে ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে জিরানীয়া, করবুক ও মোহনপুরে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে কবি প্রণাম অনুষ্ঠান আয়োজিত হয় ।

জিরানীয়া ।। জিরানীয়া, বেলবাড়ী ও মান্দাই ব্লকে রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপিত হয় । জিরানীয়া ব্লক প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দেবনাথ সহ বিশিষ্ট জনেরা কবির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান । আয়োজিত হয় সঙ্গীত ও নৃত্যানুষ্ঠান।

বেলবাড়ী ।। গোবিন্দস্মৃতি ভবনে আয়োজিত হয় ব্লক ভিত্তিক রবীন্দ্র জয়ন্তী অনুষ্ঠান । এম ডি সি সুকুমার দেববর্মা, বিভিন্ন ভিলেজের চেয়ারম্যান, বি ডি ও অসিত কুমার দাস প্রমুখ কবি প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান । আয়োজিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান ।

মান্দাই ।। খরাঙ হলে আয়োজিত হয় ব্লক ভিত্তিক রবীন্দ্র জয়ন্তী অনুষ্ঠান । উপস্থিত ছিলেন আড়ি ভিলেজ কমিটির সদস্য চিত্ত দেববর্মা, সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের বিভাগীয় কমিটির সম্পাদক মানিক দেববর্মা প্রমুখ । সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের সভাপতি সুখিনী দেববর্মা । অনুষ্ঠানে শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন ।

করবুক ।। যতনবাড়ী সাংস্কৃতিক মঞ্চে আয়োজিত হয় মহকুমা ভিত্তিক রবীন্দ্র জয়ন্তী অনুষ্ঠান । বিধায়ক প্রিয়মনি দেববর্মা, যতনবাড়ী ভিলেজের চেয়ারম্যান রত্না দাস, বিশিষ্ট বাউল শিল্পী গৌরাঙ্গ ঘোষ, সমাজসেবী শংকর বণিক প্রমুখ কবি প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান। এরপর বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন । এদিকে, শিলাছড়ি ব্লকেও উদযাপিত হয় কবি প্রণাম অনুষ্ঠান । স্থানীয় মাল্টিপারপাস কমিউনিটি হলে আয়োজিত এই অনুষ্ঠানে কবির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান শিলাছড়ি বি এ সি-র চেয়ারম্যান বিপাংশু চাকমা, স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুরজিৎ পাল, বড়বিল ভিলেজের ভাইস চেয়ারম্যান থৈরী মগ প্রমুখ ।

মোহনপুর ।। মোহনপুর সাংস্কৃতিক ভবনে আয়োজিত হয় মহকুমা ভিত্তিক কবি প্রণাম অনুষ্ঠান । মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন সুভাষ চন্দ্র দেবনাথ, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান গীতা দেব ও ভাইস চেয়ারম্যান রাকেশ আচার্য প্রমুখ কবির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান । এরপর স্থানীয় শিল্পীরা সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন ।

জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রে চালু হল জেনেরিক মেডিসিনের কাউন্টার

জিরানীয়া, ১৪মে ।। জিরানীয়া কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির উদ্যোগে জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রে জেনেরিক মেডিসিনের কাউন্টার চালু হল । এখানে ১০৬ ধরণের অষুধ কম মূল্যে পাওয়া যাবে বলে সোসাইটির পক্ষ থেকে জানানো হয়েছে । গত ১৩মে আনুষ্ঠানিকভাবে এই কাউন্টারের উদ্বোধন করেন বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর । উদ্বোধনী ভাষণে তিনি বলেন, রাজ্যের প্রতিটি মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দিতে রাজ্য সরকার স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে নানা কর্মসূচী গ্রহণ করে বাস্তবায়ন করছে । জিরানীয়ার এই জেনেরিক মেডিসিনের কাউন্টার এই কর্মসূচীরই অঙ্গ । তিনি বলেন, রাজ্যের জনগণের বিভিন্ন পরিষেবার জন্য যে সব উন্নয়ন পরিকাঠামো তৈরী হচ্ছে সেগুলিকে কাজে লাগাতে হলে চাই রাজ্যবাসীর শান্তি ও সম্প্রীতির সহাবস্থান । অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসাবে বক্তব্য রাখেন দিল্লীর বি পি পি আই -এর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক বিপ্লব চ্যাটার্জী । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ত্রিপুরা মার্কফেড লিমিটেডের চেয়ারম্যান হরিশঙ্কর দেবনাথ, সমবায় দপ্তরের সচিব কৃষ্ণদুলাল চৌধুরী । স্বাগত ভাষণ রাখেন ত্রিপুরা মার্কফেড লিমিটেডের সদস্য মধুসূদন দাস । সভাপতিত্ব করেন জিরানীয়া কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির চেয়ারম্যান অজিতেন্দ্র রায় ।

অনুরাম পাড়ায় প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

শান্তিরবাজার, ১৪মে ।। শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে সম্প্রতি বকাফা ব্লকের লাউগাংসম এ ডি সি ভিলেজের অনুরাম পাড়া সিনিয়র বেসিক স্কুলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয় । শিবিরে স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে ৫৬ জনকে চিকিৎসা করা হয় ও প্রয়োজনীয় অষুধপত্র দেওয়া হয় । মহকুমা প্রশাসনের পক্ষ থেকে তাৎক্ষণিক আবেদনের ভিত্তিতে ৭৫টি বিবাহ নিবন্ধীকরণ সার্টিফিকেট, ১৮২ জনকে এস টি সার্টিফিকেট এবং ১৬০ জনকে পি আর টি সি দেওয়া হয় । পাশাপাশি প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে শিবিরে ৩৫৫টি গবাদি পশুপাখীর বিভিন্ন রোগ প্রতিরোধক অষুধ প্রাণী পালকদের দেয়া হয় ।

১৬মে কমলাসাগরের উরাং পাড়ায় প্রশাসনিক শিবির

বিশালগড়, ১৪মে ।। আগামী ১৬মে বিশালগড় ব্লকের কমলাসাগর গ্রাম পঞ্চায়েতের উরাং পাড়া নিম্নবুনিয়াদী বিদ্যালয়ে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে । শিবির শুরু হবে সকাল ১০টা থেকে। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করা হবে । এই শিবিরের বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট এলাকার জনগণকে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে ।

আঠারমুড়া এ ডি সি ভিলেজে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির

তেলিয়ামুড়া, ১৩ মে ।। মুঙ্গিয়াকামী ব্লকের আঠারমুড়া এ ডি সি ভিলেজের বিলাইকান্ত পাড়া জুনিয়র বেসিক বিদ্যালয়ে তেলিয়ামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল এক প্রশাসনিক এবং স্বাস্থ্য শিবির করা হয়। শিবিরে তেলিয়ামুড়া মহকুমা শাসক জয়ন্ত দে সহ সংশ্লিষ্ট এ ডি সি ভিলেজের চেয়ারম্যান উত্তম দেববর্মা এবং বিভিন্ন দপ্তরের আধিকারকগণ উপস্থিত ছিলেন । তারা বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে গ্রামবাসীর সাথে আলোচনা করেন । শিবিরে তাৎক্ষণিক আবেদনের ভিত্তিতে ১১ জনকে পি আর টি সি এবং ৯ জনকে এস টি সার্টিফিকেট প্রদান করা হয়। চিকিৎসকগণ ৩৯ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে অষুধ দেন । প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে ১৭৯টি গৃহপালিত পশু ও পাখির জন্য বিভিন্ন রোগের অষুধ দেওয়া হয় ।

This document was created using Smart PDF Converter
To remove this message purchase the product at www.SmartPDFConverter.com

১৭ই নালীছড়া ভিলেজে প্রশাসনিক শিবির

আমবাসা, ১৩ মে ।। দূরবর্তী অঞ্চলের মানুষের কাছে প্রশাসনিক ও স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়ার লক্ষ্যে আমবাসা মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১৭ মে সকালে আমবাসা ব্লক এলাকার পশ্চিম নালীছড়া এ ডি সি ভিলেজের আইচুকনি পহর কলোনীতে একদিনের প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির করা হবে । শিবিরে উপস্থিত হয়ে প্রশাসনিক ও স্বাস্থ্য পরিষেবার সুযোগ গ্রহণ করার জন্য আমবাসা মহকুমা প্রশাসনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে ।

১৬ মে মোহনপুরে চক্ষু চিকিৎসা শিবির

আগরতলা, ১৩ মে ।। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আগামী ১৬ মে মোহনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে একদিনের চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হবে । শিবির শুরু হবে সকাল ১১ টায় । শিবিরে চক্ষু রোগীদের চোখ পরীক্ষা করে বিনামূল্যে অষুধ দেওয়া হবে । প্রয়োজনবোধে মাইক্রো সার্জারির মাধ্যমে চোখের ছানি অপারেশনের ব্যবস্থাও করা হবে । স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে এই শিবিরের সুযোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়েছে ।

টি আর পি সি ঃ তিন জেলায় এস পি আই ও

আগরতলা, ১২মে ।। তথ্য অধিকার আইন অনুযায়ী ত্রিপুরা রিহেবিলিটেশন প্লেন্টেশন করপোরেশন লিমিটেডের বিভিন্ন জোন্যাল অফিসের এস পি আই ও -এর নাম ঘোষণা করা হয়েছে । পশ্চিম জোন্যাল অফিসের এস পি আই ও হয়েছেন ডেপুটি ম্যানেজার, টি এফ এস গ্রেড -টু সমীরণ দেববর্মা । যোগাযোগের জন্য ঠিকানা হলো - টি আর পি সি লিমিটেড, ওয়েস্ট জোন, পি এন কমপ্লেক্স, গুর্খাবস্তী, কুঞ্জবন, আগরতলা, পশ্চিম ত্রিপুরা । ফোন নম্বর - ০৩৮১ - ২৩২৪০২৮ (অফিস) ।

উত্তর জোন্যাল অফিসের এস পি আই ও হয়েছেন সিনিয়র ফিল্ড সুপারভাইজার, ভারপ্রাপ্ত ডেপুটি ম্যানেজার কৃষ্ণ জমাতিয়া। যোগাযোগের ঠিকানা হলো - টি আর পি সি লিমিটেড, নর্থ জোন, কুমারঘাট, উত্তর ত্রিপুরা। ফোন নম্বর - ০৩৮২৪-২৬১-২৬০ (অফিস)।

দক্ষিণ জোন্যাল অফিসের এস পি আই ও হয়েছেন টি এফ এস গ্রেড -টু, ডেপুটি ম্যানেজার কমল ভৌমিক । যোগাযোগের ঠিকানা হলো - টি আর পি সি লিমিটেড, সাউথ জোন, উদয়পুর, গোমতী জেলা । ফোন নম্বর - ০৩৮২১-২২৩-৮৩৬ ।

সিপাহীজলায় ১২,১০৮ পরিবারকে শৌচালয় করে দেওয়া হবে

বিশ্রামগঞ্জ, ১২মে ।। সিপাহীজলা জেলায় চলতি অর্থ বছরে ১২ হাজার ১০৮টি পরিবারকে শৌচালয় করে দেওয়া হবে । গ্রামোন্নয়ন দপ্তর থেকে প্রতিটি শৌচালয় নির্মাণে ব্যয় হবে ১২ হাজার টাকা । কাজ করানো হবে এম জি এন রেগায় । তাছাড়া জেলায় এক হাজার ভার্মি কম্পোস্ট পিট তৈরী করা হবে । ব্যয় হবে ৩ কোটি ৯০ লক্ষ টাকা । কৃষি, উদ্যান ও ভূমি সংরক্ষণ এবং গ্রামোন্নয়ন দপ্তর পিটগুলি তৈরী করবে ।

চলতি অর্থ বছরে গ্রামোন্নয়ন দপ্তরের মাধ্যমে ৯১টি অঙ্গনওয়াড়ী কেন্দ্র, রান্নাঘর এবং শৌচালয় নির্মাণ করা হবে । ব্যয় হবে ১ কোটি ৯২ লক্ষ টাকা । বন দপ্তর ১২ লক্ষ ৬০ হাজার বিভিন্ন গাছের নার্সারি করবে । বাঁশের নার্সারি করা হবে ২ লক্ষ ।

ব্রজেন্দ্রনগরে ১৬মে প্রশাসনিক শিবির

ধর্মনগর, ১২মে ।। ধর্মনগর মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১৬মে কদমতলা ব্লকের ব্রজেন্দ্রনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে আবেদনপত্রের ভিত্তিতে ইনকাম সার্টিফিকেট দেওয়া হবে । স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে স্বাস্থ্য শিবির করে প্রয়োজনীয় অষুধ দেওয়া হবে । প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে গবাদি পশুপাখীর চিকিৎসা করে প্রাণী পালকদের মধ্যে রোগ প্রতিরোধক অষুধ প্রদান করা হবে । শিবিরে এস সি, এস টি, ও বি সি, পি আর টি সি, ম্যারেজ রেজিস্ট্রেশন সার্টিফিকেটের আবেদনপত্র জমা রাখা হবে । এলাকায় উন্নয়ন কাজের অগ্রগতি নিয়ে আয়োজিত হবে মতবিনিময় সভা । প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করার জন্য ধর্মনগর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে সংশ্লিষ্ট এলাকার জনগণকে অনুরোধ জানানো হয়েছে।

জি এস টি বিল ২৩মে বিধানসভায় পেশ করা হবে ঃ মন্ত্রিসভার বিশেষ বৈঠকে সিদ্ধান্ত

আগরতলা, ১২মে ।। দি ত্রিপুরা গুডস এন্ড সার্ভিসেস ট্যাক্স, ২০১৭ বিলটি বিধানসভায় পেশ করার জন্য আজ মন্ত্রিসভার বিশেষ বৈঠকে অনুমোদন দেওয়া হয়েছে। এই বিল বিধানসভায় পেশ করা হবে আগামী ২৩মে । আজ মন্ত্রিসভার বৈঠকের পর সচিবালয়ে এই সংবাদ জানান অর্থমন্ত্রী ভানুলাল সাহা । তিনি জানান, ২০০৬ সালে ভ্যাট -এর বদলে গুডস এন্ড সার্ভিসেস ট্যাক্স(জি এস টি) আনার জন্য সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে সভাপতি করে সব রাজ্যের অর্থমন্ত্রীদের নিয়ে একটি কমিটি গঠন করা হয় । এরপর বিভিন্ন পর্যায়ে বৈঠকের পরে ২০১৬ সালে বিলটি সাংবিধানিক রূপ পায় । এর বিভিন্ন দিক নিয়ে আলোচনা করার জন্য জি এস টি কাউন্সিল তৈরী করা হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে সভাপতি করে সব রাজ্যের অর্থমন্ত্রীদের নিয়ে এই কাউন্সিল গঠন করা হয়েছে । জি এস টি কাউন্সিলের এখন পর্যন্ত ১৩টি বৈঠক হয়েছে ।

জি এস টি কাউন্সিলের ১৪তম বৈঠকটি জম্মু ও কাশ্মীরের শ্রীনগরে অনুষ্ঠিত হবে । ইতিমধ্যে পার্লামেন্টে ইন্টিগ্রেটেড গুডস এন্ড সার্ভিসেস ট্যাক্স (আই জি এস টি) এবং সেন্ট্রাল গুডস এন্ড সার্ভিসেস ট্যাক্স (সি জি এস টি) পাশ হয়েছে । স্টেট জি এস টি স্ব স্ব রাজ্যের বিধানসভায় পাশ করতে হবে । গোটা দেশেই ১লা জুলাই থেকে জি এস টি কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার । এই উদ্দেশ্যেই আজ রাজ্য মন্ত্রিসভার বিশেষ বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে । আগামী ২৩মে বিধানসভায় দি ত্রিপুরা গুডস এন্ড সার্ভিসেস ট্যাক্স, ২০১৭ বিলটি পেশ করা হবে । জি এস টি সম্পর্কিত বিভিন্ন বিষয়ে ওয়াকিবহাল করার জন্য সাংবাদিকদের পক্ষ থেকে অর্থ এবং তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর নিকট একটি কর্মশালা করার আবেদন জানানো হয় । মন্ত্রী এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলে সাংবাদিকদের জানান ।

This document was created using Smart PDF Converter. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com